গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-৩ (পরিকল্পনা ও উন্নয়ন)
ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমেদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lrb.gov.bd

ভূমিসেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

বিষয়: শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ অনুযায়ী ভূমি সংস্কার বোর্ডের নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আব্দুস সবুর মন্ডল, বিপিএএ (সচিব)
তারিখ : ০৪-০২-২০২৪ খ্রি.
সময় : বেলা ০৩:০০ ঘটিকা
স্থান : ভূমি সংস্কার বোর্ড-এর মিনি কনফারেন্স রুম

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সংযুক্ত

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩, ভূমি সংস্কার বোর্ডের ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো উপস্থাপন করেন। উপস্থাপক সভাকে আরও অবহিত করেন যে, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী ২য় ত্রৈমাসিক প্রতিবেদন পূরণ করে মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটের মাধ্যমে ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অতঃপর সভায় সভাপতি এজেন্ডাভুক্ত বিষয়সমূহ নিয়ে আলোচনা করেন। এ ছাড়াও সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ এবং ভূমি সংস্কার বোর্ডের অন্যান্য কর্মকর্তাগণ তাদের গুরুত্বপূর্ণ মতামত ও পরামর্শ প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

| ক্রমিক নং. | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে একটি সভা গত ২৯ জানুয়ারি ২০২৪ তারিখে জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর-এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। এজেন্ডাভুক্ত বিষয়ে গৃহীত সিদ্ধান্তগুলো বাস্তবায়ন করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩ |
| ২ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন। | শুদ্ধাচার সংক্রান্ত বিষয়বস্তু নির্ধারণ করে ৩য় কোয়ার্টারের মধ্যে প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩ |
| ৩ | কর্ম-পরিবেশ উন্নয়ন। | (ক) পুরাতন অকেজো মালামাল বিক্রয়ের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(খ) ভূমি ব্যবস্থাপনা ও ভূমি আইন সহায়ক গ্রন্থাবলি ক্রয় অব্যাহত রাখতে হবে এবং লাইব্রেরির বইপত্র সার্বক্ষণিক দেখাশোনা করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-২ |
| ৪ | আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান। | আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর গত ১৫ জানুয়ারি ২০২৪ তারিখ চট্টগ্রাম, খুলনা, ও সিলেট বিভাগের রেভিনিউ ডেপুটি কালেক্টর এবং ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাদের অংশগ্রহণে দিনব্যাপী ফিডব্যাক কর্মশালা অনুষ্ঠিত হয়। ফিডব্যাক কর্মশালার সুপারিশ/মতামত মাঠপর্যায়ের কার্যালয়কে প্রেরণ করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩ |

| ক্রমিক নং. | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৫ | অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব ও উন্নয়ন বাজেট)। | ৩য় কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অনুযায়ী ৪০% বাস্তবায়ন করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-২ |
| ৬ | বাজেট বাস্তবায়ন। | ৩য় কোয়ার্টারে অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ৫০% বাস্তবায়ন করতে হবে | হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ৭ | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম। | | |
| | (ক) সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ। | (ক) সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিকরণে সরকারি বিধি-বিধান অনুসরণ করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-২ |
| | (খ) স্টেশনারি সামগ্রীর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ। | (খ) স্টেশনারি সামগ্রীর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে সরকারি বিধি-বিধান অনুসরন করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-২ |
| | (গ) সিটিজেন'স চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে মাঠ পর্যায় হতে প্রাপ্ত চাহিদার পরিপ্রেক্ষিতে বাজেট বরাদ্দ নিশ্চিতকরণ। | (গ) ৩য় কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অনুযায়ী ৬৫% প্রদান করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-৪ |
| | (ঘ) কর্মচারীদের যথাসময়ে অফিসে আগমন ও প্রস্থান নিশ্চিতকরণ। | (ঘ) শাখাভিত্তিক হাজিরা খাতা সংরক্ষণ করতে হবে এবং যথাসময়ে হাজিরা দিয়ে সংশ্লিষ্ট শাখার কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে। | (ক) উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল) (খ) সহকারী ভূমি সংস্কার কমিশনার (সকল) |
| | (ঙ) জনবান্ধব ভূমি সেবা নিশ্চিত করণে উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসসমূহ পরিদর্শন | (ঙ) জনবান্ধব ভূমি সেবা নিশ্চিতকরণে উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসসমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিদর্শন করতে হবে। | (ক) উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল) (খ) সহকারী ভূমি সংস্কার কমিশনার (সকল) |
| | (চ) অফিসের সরকারি সম্পদ (পানি ও বিদ্যুৎ)-এর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ। | (চ) পানি ও বিদ্যুৎ-এর যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। | (ক) উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল) (খ) সহকারী ভূমি সংস্কার কমিশনার (সকল) |
| ৮ | বিবিধ | ভূমি সংস্কার বোর্ডের চেয়ারম্যান-এর ব্যবহারের জন্য চলতি অর্থবছরে গাড়ি ক্রয়ের উদ্যোগ গ্রহণ করতে হবে। বোর্ড ও বিভাগীয় অফিসের ব্যবহৃত গাড়ির বর্তমান অবস্থা উল্লেখপূর্বক তালিকা তৈরি করে আগামী সাত কার্যদিবসের মধ্যে রিপোর্ট প্রদান করতে হবে | সহকারী ভূমি সংস্কার কমিশনার-২ |

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি এপিএ-এর লক্ষ্যমাত্রা শতভাগ পূরণের লক্ষ্যে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন

০৮/০২/২০২৪

মোঃ আব্দুস সবুর মন্ডল, বিপিএএ
চেয়ারম্যান (সচিব)
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
ফোন নং-০২-৮১৭০১৪৩
ই-মেইল: chairman@lrb.gov.bd

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০১৩.৩৫.০১৮.২৩.২৬

তারিখ : ২৩ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০৬ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

(১) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(২) সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
(৩) উপ-ভূমি সংস্কার কমিশনার-১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
(৪) উপ-ভূমি সংস্কার কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ বিভাগ
ম্যানেজার, ঢাকা নওয়াব এস্টেট/ভাওয়াল রাজ এস্টেট, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
(৬) সহকারী ভূমি সংস্কার কমিশনার-১/২/৪/৫/৬
(৭) চেয়ারম্যান (সিনিয়র সচিব)-এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
(৮) হিসাবরক্ষণ কর্মকর্তা, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
(৯) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
(১০) অফিস কপি

০৬/০২/২৪


খৃষ্টফার হিমেল রিছিল
সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
ফোন: ০২৪১০১০৪৫৪
ই-মেইল : alrc3@lrb.gov.bd